

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৫৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নকালে যা বলতে হয়

## আরবী

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ خَصْلَتَانِ أَوْ خَلَّتَانِ لاَ يُحَافِظُ عَلَيْهِمَا عَبْدُ مُسْلِمٌ إِلاَّ دَخَلَ الْجَنَّةَ هُمَا يَسِيرٌ وَمَنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ يُسَبِّحُ فِى دُبُرِ كُلِّ صَلاَةٍ عَشْرًا وَيُحْمَدُ عَشْرًا وَيُكَبِّرُ عَشْرًا فَذَلِكَ خَمْسُونَ وَمِائَةٌ بِاللِّسَانِ وَأَلْفٌ وَخَمْسُمِائَةٍ فِى الْمِيزَانِ وَيُحْمَدُ ثَلاَتًا وَثَلاَثِينَ وَيُسَبِّحُ ثَلاَثًا وَثَلاَثِينَ فَذَلِكَ مَصْمُحَعَهُ وَيَحْمَدُ ثَلاَثًا وَثَلاَثِينَ وَيُسَبِّحُ ثَلاَثًا وَثَلاَثِينَ فَذَلِكَ مِائَةٌ بِاللِّسَانِ وَأَلْفٌ فِى الْمِيزَانِ فَلَقَدْ رَأَيْتُ رَسُونَ لَ اللهِ عَلَيْ يَعْقِدُهَا بِيَدِهِ قَالُوا يَا رَسُونَ لَ اللهِ عَلَيْ يَعْقِدُهَا بِيَدِهِ قَالُوا يَا رَسُونْ لَ اللهِ كَيْفَ هُمَا يَسِيرٌ وَمَنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ قَالَ يَأْتِى أَحَدَكُمْ يَعْنِى الشَّيْطَانَ فِى مَنَامِهِ فَيُنُوّمُهُ قَبْلَ أَنْ يَقُولَهَا وَمُنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ قَالَ يَأْتِى أَحَدَكُمْ يَعْنِى الشَّيْطَانَ فِى مَنَامِهِ فَيُنُوّمُهُ قَبْلَ أَنْ يَقُولَهَا

## বাংলা

(৩১৫৯) আব্দুল্লাহ বিন আমর (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "দুটি এমন অভ্যাস যাতে কোন মুসলিম যত্নবান হলেই সে জান্নাতে প্রবেশ করতে পারবে। অভ্যাস দুটি বড় সহজ, কিন্তু এতে অভ্যাসী ব্যক্তি খুবই কম; প্রত্যেক (ফরয) নামাযের পরে দশবার 'সুবহা-নাল্লাহ', দশবার 'আলহামদু লিল্লা-হ', এবং দশবার 'আল্লা-হু আকবার' পাঠ করবে। (পাঁচ অক্তে) এগুলির সমষ্টি মুখে হল মাত্র দেড় শত; কিন্তু (নেকীর) মীযানে হবে দেড় হাজার। অনুরূপ শয্যাগ্রহণের সময়ও ৩৪ বার 'আল্লাহু আকবার', ৩৩ বার 'আলহামদু লিল্লা-হ' এবং ৩৩ বার 'সুবহা-নাল্লা-হ' পাঠ করবে। মুখে এগুলোর সমষ্টি হল একশত, কিন্তু মীযানে হবে এক হাজার।"

(আবুল্লাহ বিন আমর (রাঃ) বলেন,) আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে উক্ত যিকর গুনতে দেখেছি। লোকেরা বলল, 'হে আল্লাহর রসূল! অভ্যাস দুটি বড় সহজ অথচ এতে অভ্যাসী ব্যক্তি খুবই কম, তা কি করে হয়?' তিনি বললেন, (কারণ,) শয়নকালে শয়তান তোমাদের কারো নিকট উপস্থিত হয়; অতঃপর ঐগুলো বলার পূর্বেই তাকে ঘুম পাড়িয়ে দেয়। অনুরূপ নামাযের সময়ও উপস্থিত হয়; ফলে ঐগুলো বলার পূর্বে তার কোন জরুরী কাজ তাকে স্মরণ করিয়ে দেয়।

## ফুটনোট



(আবু দাউদ ৫০৬৭, তিরমিয়ী ৩৪১০, নাসাঈ ১৩৪৮, ইবনে হিব্বান, সহীহ তারগীব ৬০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন